

যুগান্তর

শিক্ষক নিয়োগ ও এমপিওভুক্তিতে অনিয়ম

৪১০ বেসরকারি কলেজে সরকারের ক্ষতি ১২১ কোটি টাকা

যুগান্তর রিপোর্ট

৪১০টি বেসরকারি ইন্সটিটিউটে ৫ ডিগ্রি কলেজে ১৮৪৭ জন শিক্ষক ও কর্মচারী নিয়োগ এবং তাদের এমপিওভুক্তিতে ৭ বছর সরকারের ১২১ কোটি টাকার ক্ষতি হয়েছে। দুদকের উপপরিচালক নৈমিত্ত ইকবাল হোসেনের নেতৃত্বে গঠিত শিক্ষা খাতে দুর্নীতি অনুসন্ধান কমিটি তাদের অনুসন্ধান প্রতিবেদনে এ তথ্য দিয়েছে। শিক্ষক-কর্মচারী নিয়োগ ও তাদের এমপিওভুক্তিকরণে অনিয়মের সঙ্গে জড়িত চারজন উপপরিচালকের বিরুদ্ধে মানবা করারও

দুপরিচালক করে এই কমিটি। এ বিষয়ে দুদক মহাপরিচালক কর্নেল এনিস ইকবাল জানান, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের নামে অনিয়ম-দুর্নীতির বিষয়ে অনুসন্ধানের জন্য গঠিত কমিটির প্রতিবেদন পর্যালোচনা করে পরবর্তী ব্যবস্থা নেয়া হবে। তিনি আরও বলেন, নিয়ম অনুযায়ী করে শিক্ষক-কর্মচারীদের এমপিওভুক্তিকরণের মাধ্যমে রাষ্ট্রের ক্ষতিগ্রস্ত জনা দায়ী কর্মচারীদের বিপক্ষে আইনগত ব্যবস্থা গ্রহণ হওয়াও এ বিষয়ে মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট বিভাগকে সতর্ক করা হবে। দুদকের অনুসন্ধান

জানা যায়, ১৯৯৮ থেকে ২০০৪ সাল পর্যন্ত সাত বছরে শিক্ষা অধিদপ্তর থেকে ১৮৪৭ জন শিক্ষক-কর্মচারীর এমপিওভুক্তি সম্পন্ন করা হয়। অধিদপ্তরের ৪ জন উপপরিচালক মন্ত্রণালয়ের নির্দেশনা ও পরিপত্র উপস্থাপন করে শিক্ষক-কর্মচারীদের কাছ থেকে মোটা অংকের টাকা নিয়ে এ কাজটি করেন। এর ফলে সরকারের কোষাগার থেকে এই শিক্ষক-কর্মচারীদের বেতনের পেছনে ১২০ কোটি ৯৬ লাখ টাকা ব্যয় হয়েছে; যা রাষ্ট্রীয় ক্ষতি হিসেবেই ধরা হচ্ছে। ক্ষতি : পৃষ্ঠা ১০ : কলাম ৬

ক্ষতি : সরকারের

(পেছ পৃষ্ঠার পর)

দুদক কর্মকর্তা জানান, ১৯৯৫ সালে শিক্ষা মন্ত্রণালয় একটি পরিপত্র জারি করে নির্দেশনা দিয়েছিল, মন্ত্রণালয়ের অনুমতি না নিয়ে শিক্ষা অধিদপ্তর কোন বেসরকারি কলেজের শিক্ষক-কর্মচারীদের এমপিওভুক্তি নিশ্চিত করতে পারবে না। কিন্তু অতিমুক্ত চার উপপরিচালক মাঝ কৌপনে এমপিওভুক্তির কাজটি করেন। এর ফলে সরকারের যথামত নিয়ম অনুসরণ না করে নিয়োগ পাওয়া শিক্ষকরা তাদের বেতনের সরকারি অংশ ভুলে নেন। এ ধরনের ৪১০টি শিক্ষা প্রতিষ্ঠানের উপস্থাপনা কলেজের বধো রয়েছে পাহাড়াহানপুরে মির্জা আব্বাস মহিলা ডিগ্রি কলেজ, টঙ্গী সফিউদ্দিন সরকার একাডেমি, টঙ্গী পাইলট বালিকা স্কুল এন্ড কলেজ, কেল্লাবাড়ী বতুইবাড়ী একাডেমি, গাড়ীপুরের হাতীমারা কলেজ, সোনারগাঁও জিয়ার কলেজ, বতিঞ্চিল মডেল স্কুল এন্ড কলেজ, খিলগাঁও মডেল কলেজ, স্বাভারের টেকনিক্যাল বিজনেস কলেজ, নিরপুর পল্লবী বসবন্ধু কলেজ, আরামবাগ গার্লস স্কুল প্রভৃতি। অনুসন্ধান জানা যায়, এসব শিক্ষক-কর্মচারী নিয়োগে অনিয়ম হয়েছে।